



সচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আ. স. পত্র নং. ৪৩.০০.০০০০.১২৭.১৮.০৩৮.১৯. ৩৫৭

তারিখ: ১৯ ডিসেম্বর ২০১৯

ত্রিপুরাচল,

২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) চূড়ান্ত মূল্যায়নে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ১৭টি দপ্তর/সংস্থার মধ্যে ১ম স্থান অর্জন করায় আপনাকে ও আপনার সহকর্মীদেরকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সার্বিক মূল্যায়নে আপনার দপ্তর ৯৬ নম্বর পেয়েছে। যে সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জন হয়নি সে সকল সূচক সংশ্লিষ্ট কার্যক্রমে গতিশীলতা আনতে আপনার ব্যক্তিগত উদ্যোগ আশা করছি।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে সুশাসন সংহতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের যথাযথ বাস্তবায়ন, টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) ২০৩০ এর লক্ষ্যসমূহ অর্জন ও উন্নত বাংলাদেশ বিনির্মাণে ভবিষ্যতেও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি একটি অপরিহার্য অনুষঙ্গ হিসেবে কাজ করবে। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে সরকার নানামূল্যী কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এপিএ'র মাধ্যমে এ সকল কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়নে আপনার দপ্তর/সংস্থা কার্যকর উদ্যোগ গ্রহণ করবে বলে আমি প্রত্যাশা করি।

এপিএ বাস্তবায়নের এই কর্মজ্ঞে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ভবিষ্যতেও সর্বতোভাবে আপনাদের পাশে থাকবে।

শ্রদ্ধাঙ্কন

প্রত্যন্তে খন্দ,
প্রত্যন্তে খন্দ

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি

জনাব ফরিদ আহমদ ভুঁইয়া

মহাপরিচালক

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর